সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, খুলনা

স্টাফ কাউন্সিল রেজুলেশন



রেজুলেশন নং ২০ (ভার্চুয়াল) তারিখ: ২২-০৯-২০২১ সময়: রাত ৯:০০ টা

| এজেন্ডা নং | আলোচ্য বিষয় | বিষয়বস্তু সম্পর্কে বিস্তারিত আলোচনা | গৃহীত সিদ্ধান্ত |
|---|---|---|---|
| | শুভেচ্ছা বিনিময় ও সভা আহবানের যৌক্তকতা | সভার শুরুতে সভাপতি সংযুক্ত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভা শুরু করেন। অত:পর সভাপতি অধ্যক্ষ প্রফেসর ড. শেখ মো: রেজাউল করিম এর অনুরোধক্রমে অদ্যকার সভা আয়োজনের প্রেক্ষাপট বিস্তারিতভাবে তুলে ধরেন শিক্ষক পরিষদের যুগ্ম-সম্পাদক জনাব বিধান চন্দ্র রায়। | সকল সদস্য অদ্যকার সভা আয়োজনের প্রেক্ষাপট বিস্তারিতভাবে শ্রবণ করে সন্তোষ প্রকাশ করেন। |
| ০১ | কোভিড-১৯ অতিমারী পরিস্থিতিতে শিক্ষা প্রতিষ্ঠান খোলার পূর্বে ও পরের করণীয় নির্ধারণ সংক্রান্ত | সভাপতি মহোদয় ১ নং এজেন্ডার উপর আলোচনার সুত্রপাত করে বলেন, আমাদের শিক্ষা প্রতিষ্ঠান নিয়মিতভাবে পরিষ্কার পরিচ্ছন্ন করা হচ্ছে। এ ব্যাপারে আজকের সভায় একটি শক্তিশালী কমিটি গঠন করা হবে। সহযোগী অধ্যাপক জনাব মো: সাইফুর রহমান কলেজের ড্রেন এবং আগাছা পরিষ্কার পরিচ্ছন্নতার উপর গুরুত্ব আরোপ করেন। অপর সহযোগী অধ্যাপক জনাব এস. এম. মোহাম্মদ উল্লাহ জনাব মো: সাইফুর রহমানের বক্তব্যের সাথে একাত্মতা প্রকাশ করেন। তিনি শিক্ষা প্রতিষ্ঠান খুলে দেয়ার পর থার্মাল স্ক্যানার দিয়ে নিয়মিত পরীক্ষা করা, মাস্ক পরিধান করা, সামাজিক দূরত্ব বজায় রাখা ইত্যাদির উপর জোর দেন। সহযোগী অধ্যাপক জনাব রহিমা খাতুন বলেন, প্রত্যেক শিক্ষার্থীকে হ্যান্ড স্যানিটাইজার নিয়ে ক্লাসে আসতে হবে। খোলার ১ম দিন সকল শিক্ষকে কলেজে উপস্থিত থাকার কথা বলেন। ক্লাস চলাকালে টয়লেট বাথরুম প্রতিদিন ২ বার পরিষ্কার করার ব্যবস্থা গ্রহণের প্রস্তাব করেন। জনাব মোহাম্মদ মহিবুল্লাহ বেসিনে হাত ধোঁয়ার জন্য পর্যাপ্ত সাবান রাখার প্রস্তাব করেন। জনাব মো: সওগাতুল আলম অন্তত ২/৩ টা ক্লাস রুমে সাউন্ড সিস্টেম রাখার প্রস্তাব করেন। জনাব বিধান চন্দ্র রায় সহকর্মীদের উত্থাপিত সকল প্রস্তাবের সাথে একমত পোষণ করেন এবং অধ্যক্ষ মহোদয়ের নির্দেশনায় পূর্বে প্রস্তুতকৃত মতামতের সাথে প্রদত্ত মতামতগুলির মিল রয়েছে বলে মন্তব্য করেন। এরপর উপাধ্যক্ষ প্রফেসর মো: নজরুল ইসলাম প্রতি ফ্লোরে পানির ড্রাম ও সাবান রাখার কথা বলেন। তিনি বলেন, খাবার পানির ব্যবস্থা রাখতে হবে এবং প্রত্যেক শিক্ষার্থীকে নিজস্ব পানির বোতল নিয়ে কলেজে আসতে হবে।<br><br>বিস্তারিত আলোচনা শেষে ডান পার্শ্বে উল্লিখিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতভাবে গৃহীত হয়। | জনাব এস. এম. মোহাম্মদ উল্লাহ-কে আহবায়ক এবং জনাব বিধান চন্দ্র রায়-কে সদস্য-সচিব করে ৭ (সাত) সদস্য বিশিষ্ট কোভিড-১৯ পরিস্থিতি বিবেচনায় কলেজ রি-ওপেনিং প্রস্তুতি ও ব্যবস্থাপনা কমিটি গঠিত হয়।<br><br>এ কমিটি শিক্ষা মন্ত্রণালয়ের গাইড লাইন অনুসরণ করে প্রয়োজনীয় সহায়ক সামগ্রী/সরঞ্জাম ক্রয় এবং খাবার পানি রাখার ব্যবস্থা করবে মর্মে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। |

সভাপতির স্বাক্ষর, তারিখ ও সীল:

(প্রফেসর ড. শেখ মো: রেজাউল করিম), অধ্যক্ষ ও সভাপতি

শিক্ষক পরিষদের কর্মকর্তাদের স্বাক্ষর ও তারিখ:

১। (রহিমা খাতুন), সম্পাদক

২। (বিধান চন্দ্র রায়), যুগ্ম-স্মপাদক

সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, খুলনা



স্টাফ কাউন্সিল রেজুলেশন

রেজুলেশন নং ২০ (ভার্চুয়াল) তারিখ: ২২-০৯-২০২১ সময়: রাত ৯:০০ টা

| এজেন্ডা নং | আলোচ্য বিষয় | বিষয়বস্তু সম্পর্কে বিস্তারিত আলোচনা | গৃহীত সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ০২ | বিএড অনার্স ৮ম সেমিস্টার পাশ করা শিক্ষার্থীদের ২০২১ শিক্ষাবর্ষে এমএড ১ম সেমিস্টারে ভর্তির ব্যাপারে করণীয় সংক্রান্ত | এই শিক্ষার্থীগণ যাতে ২০২১ শিক্ষাবর্ষে এমএড ১ম সেমিস্টারে ভর্তি হতে পারেন সেবিষয়ে অভিমত প্রকাশ করে বক্তব্য রাখেন, জনাব অজয় কুমার সাহা, সহকারী অধ্যাপক, জনাব মো: সাজ্জাদ হোসেন খান, প্রভাষক, জনাব মৃনাল কান্তি সাধু, প্রভাষক, জনাব রেহানা পারভীন, সহকারী অধ্যাপক, জনাব মো: সওগাতুল আলম, প্রভাষক, জনাব মোহাম্মদ মহিবুল্লাহ, প্রভাষক, জনাব মো: সাহেদুল আলম, সহকারী অধ্যাপক। | সভায় অধ্যক্ষ মহোদয়কে এ বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হয়। |
| ০৩ | আগামী ২৯-০৯-২০২১ তারিখ হতে শুরু হওয়া বিএড অনার্স ৪র্থ ও ৬ষ্ঠ সেমিস্টারের চূড়ান্ত পরীক্ষা চলাকালে সংশ্লিষ্ট শিক্ষার্থীদের হোস্টেলে আবাসনের সুযোগ সংক্রান্ত | ৩ নং এজেন্ডা নিয়ে আলোচনা শুরু হলে জনাব মৃনাল কান্তি সাধু, জনাব বিধান চন্দ্র রায় এবং জনাব রেহানা পারভীন আগামী ২৯-০৯-২০২১ তারিখ হতে শুরু হওয়া বিএড অনার্স ৪র্থ ও ৬ষ্ঠ সেমিস্টারের চূড়ান্ত পরীক্ষা চলাকালে সংশ্লিষ্ট শিক্ষার্থীদের হোস্টেলে আবাসনের সুযোগ দেয়ার প্রস্তাব করেন।<br>জনাব মো: সাহেদুল আলম, জনাব মো: হাফিজুর রহমান খান বিদ্যমান পরিস্থিতিতে আগামী ২৯-০৯-২০২১ তারিখ হতে শুরু হওয়া বিএড অনার্স ৪র্থ ও ৬ষ্ঠ সেমিস্টারের চূড়ান্ত পরীক্ষা চলাকালে সংশ্লিষ্ট শিক্ষার্থীদের হোস্টেলে আবাসনের সুযোগ দেয়ার প্রস্তাবে ভিন্নমত পোষণ করেন। | উর্ধবতন কর্তৃপক্ষের ক্লিয়ারেন্স না পাওয়া পর্যন্ত শিক্ষার্থীদের হোস্টেলে না রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। |

সভাপতির স্বাক্ষর, তারিখ ও সীল:

(প্রফেসর ড. শেখ মো: রেজাউল করিম), অধ্যক্ষ ও সভাপতি

শিক্ষক পরিষদের কর্মকর্তাদের স্বাক্ষর ও তারিখ:

১। (রহিমা খাতুন), সম্পাদক

২। (বিধান চন্দ্র রায়), যুগ্ম-সম্পাদক

সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, খুলনা



স্টাফ কাউন্সিল রেজুলেশন

রেজুলেশন নং ২০ (ভার্চুয়াল) | তারিখ: ২২-০৯-২০২১ | সময়: রাত ৯:০০ টা

| এজেন্ডা নং | আলোচ্য বিষয় | বিষয়বস্তু সম্পর্কে বিস্তারিত আলোচনা | গৃহীত সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ০৪ | কোভিড-১৯ অতিমারী পরবর্তীকালে কলেজ ফেচ টু ফেচ চালু হলে বিএড ও এমএড ২০২১ শিক্ষাবর্ষে ভর্তিকৃত শিক্ষার্থীদের অরিয়েন্টশন সংক্রান্ত | ৪ নং এজেন্ডা নিয়ে আলোচনায় অংশগ্রহণ করেন ২০২১ বিএড ও এমএড ভর্তি কমিটির আহবায়ক জনাব এস. এম. মোহাম্মদ উল্লাহ এবং ভর্তি কমিটির অন্যতম সদস্য জনাব মোহাম্মদ মহিবুল্লাহ। তাঁরা কবে নাগাদ কলেজ খুলবে তার উপর এ বিষয়ে সিদ্ধান্ত নেয়ার প্রস্তাব করেন। কলেজ দ্রুততম সময়ের মধ্যে চালু হলে অরিয়েন্টশন করা যায় বলে অভিমত ব্যক্ত করেন। | কলেজ দ্রুততম সময়ের মধ্যে চালু হলে ভর্তি কমিটি যথাযথ স্বাস্থ্যবিধি অনুসরণ করে অরিয়েন্টশন আয়োজন করবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। |
| ০৫ | বিবিধ | বিবিধ আলোচনা শুরু হলে অধ্যক্ষ মহোদয় জাতীয় বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রকের বরাত দিয়ে সভাকে অবহিত করেন যে, বিএড, এমএড এবং বিএড অনার্সের বিভিন্ন সেমিস্টারের পরীক্ষা দ্রুত অনুষ্ঠিত হবে। তিনি সহকর্মীদের উর্ধবতন অফিসে প্রেরিত সকল আবেদনের হার্ডকপি সংশ্লিষ্ট কাগজপত্রসহ ১ (এক) সেট অফিসে জমা দেয়ার নির্দেশনা দেন।<br>উপাধ্যক্ষ মহোদয় বাউবি'র বিএড ও এমএড কার্যক্রম সম্পর্কে সভাকে ব্রিফ করেন।<br><br>সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি মহোদয় সভার কার্যক্রম সমাপ্তি ঘোষণা করেন। | আগামী ০৬-১০-২০২১ তারিখে এপিএ টিমের ফেচ টু ফেচ মিটিং করার সিদ্ধান্ত গৃহীত হয়। |

সভাপতির স্বাক্ষর, তারিখ ও সীল:

(প্রফেসর ড. শেখ মো: রেজাউল করিম), অধ্যক্ষ ও সভাপতি

শিক্ষক পরিষদের কর্মকর্তাদের স্বাক্ষর ও তারিখ:

১। (রহিমা খাতুন), সম্পাদক

২। (বিধান চন্দ্র রায়), যুগ্ম-স্মপাদক

সংযুক্ত: সভায় উপস্থিতির স্ক্রিনশট

